Dream71

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌপরিবহন অধিদপ্তর

**অভ্যন্তরীণ নাবিকদের ডাটাবেজ এবং সার্ভিস বুক সিস্টেম**

**(ইনল্যান্ড নাবিক ডাটাবেজ, সার্ভিস বুক, প্রশিক্ষণ ও সনদায়ন ম্যানেজমেন্ট সিস্টেম)**

# ব্যবহার নির্দেশিকা ( সহায়িকা )- ক্রম ২

# আবেদনকারীর প্রোফাইল তৈরি এবং আপডেট

**(বিঃদ্রঃ আইসিএন তৈরি , প্রোফাইল তৈরি ,আপডেট এবং সার্ভিস বুক ইস্যু ব্যতীত কোন সনদ সংক্রান্ত সার্ভিসের জন্য আবেদন করা যাবে না )**

**প্রস্তুতকারক :**

Dream71 বাংলাদেশ লি.

বাড়ি নং 16 (লেভেল 5) ব্লক এ, বসুন্ধরা আর/এ, ঢাকা 1229


# প্রোফাইল আপডেট করার নির্দেশনাঃ

একজন প্রার্থী/আবেদনকারী সিস্টেম থেকে প্রাপ্ত আইসিএন (ICN) এবং রেজিস্ট্রেশনের সময় প্রদত্ত পাসওয়ার্ড দিয়ে লগইন করার পর আবেদনকারী তার পার্সোনাল ড্যাশবোর্ডে প্রবেশ করতে পারবেন।

ড্যাশবোর্ড এ প্রবেশ করার পর প্রার্থী তার মোট আবেদন সংখ্যা, নিষ্পত্তি ও অনিষ্পত্তি আবেদনের সংখ্যা, সকল পরীক্ষার ফলাফল ও আবেদনগুলো কি অবস্থায় রয়েছে তা দেখতে পারবেন।

ড্যাশবোর্ডের বাম পাশে নিম্নলিখিত মেনুগুলো দেখতে পারবেন:

- প্রোফাইল
- আবেদনসমূহ
- সাপোর্ট টিকেট আইটেমস
- পরীক্ষার সময়সূচী
- ভয়েস রেকর্ড
- পাসওয়ার্ড পরিবর্তন




একজন প্রার্থীকে যেকোনো সনদের জন্য আবেদন করতে হলে প্রথমে প্রার্থীকে তার প্রোফাইল আপডেট করে আসতে হবে এবং **অবশ্যই একটি করে ভয়েজ রেকর্ড আপলোড** করতে হবে।

প্রথমে আপনি যখন মেনু থেকে আবেদনসমূহ সেকশন ক্লিক করে যাবেন এই নির্দেশনাটি দেখতে পারবেন।




**( বিঃদ্রঃ প্রোফাইল তৈরি এবং আপডেট এবং সার্ভিস বুক ইস্যু ব্যতীত কোন সার্ভিসের জন্য আবেদন করা যাবে না )**


একজন আবেদনকারী ড্যাশবোর্ডের বাম পাশের মেন্যু থেকে প্রোফাইল সিলেক্ট করে প্রোফাইল পেজ দেখতে পারবেন।




প্রোফাইল সেকশন এ গেলে প্রথমে "ব্যক্তিগত তথ্য" ট্যাবটি দেখতে পারবেন এবং এই পেজে আবেদনকারী তার এনআইডি সার্ভার থেকে প্রাপ্ত সকল তথ্য দেখতে পারবেন। সেই সাথে অতিরিক্ত কিছু তথ্য তাকে পূরণ করতেই হবে। সেগুলো হলোঃ

- আবেদনকারীর ছবি ও স্বাক্ষর আপলোড করুন
- সনাক্তকারী চিহ্ন (না থাকলে প্রযোজ্য নয় লিখতে হবে) টাইপ করুন
- লিঙ্গ সিলেক্ট করুন
- রক্তের গ্রুপ সিলেক্ট করুন
- বিভাগ (ইঞ্জিন/ডেক) সিলেক্ট করুন
- বর্তমান ঠিকানা টাইপ করুন
- কুরিয়ার ঠিকানা হিসেবে আবেদনকারী চাইলে নিচের বাটনের সাহায্যে স্থায়ী ঠিকানা বা বর্তমান ঠিকানা সিলেক্ট করতে পারে, অথবা নিজে থেকেই নতুন ঠিকানা দিতে পারবে।
- কুরিয়ার রিসিভ করতে সক্ষম এমন কারো মোবাইল নম্বরও দিতে হবে।

এরপর আবেদনকারীকে একটি ডিক্লারেশন টিক দিতে হবে যে তার সকল তথ্য সঠিক এবং পরবর্তীতে ভুল পাওয়া গেলে আবেদনকারীর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা যাবে। এরপর "আপডেট" বাটনে ক্লিক করে আপডেট করতে হবে।



**ফটো সংক্রান্ত বিশেষ নির্দেশনাঃ**

**১।সদ্য তোলা ছবি হতে হবে।**

**২। সাদা বাক গ্রাউন্ড হতে হবে**

**৩। টুপি, সানগ্লাস , চশমা ছাড়া ছবি হতে হবে।**

**৪। মোবাইলএ তোলা / ফটোশপ করা ছবি গ্রহনযোগ্য না ।**

**৫। রঙ্গিন ছবি দিতে হবে ।**

**৬।ছবির সাইজ ১০০ কেবি বেশি না হয় সেদিকে খেয়াল রাখতে হবে।**



**উল্লেখিত নির্দেশনা প্রতিপালন করা না হলে আপনার আবেদন বাতিল করা হতে পারে ।**

একজন প্রার্থী তার ব্যক্তিগত তথ্য আপডেট করার পরে প্রোফাইল সেকশন এর উপরের দিকে "নথিপত্র" ট্যাব এ গিয়ে আবেদন করার জন্য যেসব নথিপত্র/সনদের ছায়ালিপি লাগবে সেইগুলো আপলোড করতে পারবে।